

জাত পরিচিতি

ব্রি হাইব্রিড ধান বোরো মৌসুমে চাষ উপযোগী ব্রি উদ্ভাবিত একটি হাইব্রিড ধান। ইহার কৌলিক সারি বিআর ১০ এইচ। জাতটি ২০০৮ সালে জাতীয় বীজবোর্ড কর্তৃক অনুমোদন লাভ করে।

জাতের বৈশিষ্ট্য

- ▶ গাছের উচ্চতা ১০৫ সেমি।
- ▶ এর কান্ড ও পাতা ঘন সবুজ এবং খাড়া।
- ▶ চাল মাঝারি মোটা এবং ভাত বরব্বারে।
- ▶ এ জাতের চালে ৯.০% প্রোটিন ও ২৩.৩% এম্যাইলোজ রয়েছে।

জীবনকাল

এ জাতটির জীবনকাল ১৪৫ দিন।

ফলন

এ জাতের গড় ফলন ৮.০ টন/হেক্টর।

চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ বপন : ১-৩০ অগ্রাহায়ণ (১৫ নভেম্বর-১৫ ডিসেম্বর)।
২. চারা রোপণ : ১-৩০ পৌষ (১৫ ডিসেম্বর-১৫ জানুয়ারি)।
৩. বীজের হার : ১৫-২০ কেজি/হেক্টর।
৪. চারার বয়স : ৩০-৩৫ দিনের চারা।
৫. রোপণ দূরত্ব : ২০×১৫ সেন্টিমিটার।
৬. প্রতি গোছায় চারা : ১-২ টি

৭. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):

	ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	দস্তা
	৩৬	১৭	১৬	৯	১
৭.১ জমি তৈরির সময়	১২	১৭	১১	৯	১
৭.২ চারা রোপণের ১৫-২০ দিন পর	১২		৫		
৭.৩ চারা রোপণের ৪০-৪৫ দিন পর	১২				

(ইউরিয়া সার সমান ৩ ভাগে ভাগ করে ১ম কিস্তি জমি তৈরির সময়, ২য় কিস্তি চারা রোপণের ১৫-২০ দিন পর এবং ৩য় কিস্তি চারা রোপণের ৪০-৪৫ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। তবে এলসিসি ভিত্তিক ইউরিয়া প্রয়োগ করাই উত্তম)।

৮. আগাছা দমন : রোপণের পর ৪৫ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।
৯. সেচ ব্যবস্থাপনা : ধানের দুধ অবস্থা পর্যন্ত জমিতে যথেষ্ট পরিমাণ রসের ব্যবস্থা রাখতে হবে।
১০. রোগ বালাই দমন : অনুমোদিত বালাই ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।
১১. ফসল কাটা : ২৫ চৈত্র - ৫ বৈশাখ (৮-১৮ এপ্রিল) ৮০% ধান পেকে গেলে কাটতে হবে।



ব্রি হাইব্রিড ধান